গাংনীতে পুকুরের পানিতে ডুবে শিশুর মৃত্যু

মেহেরপুরের গাংনীর তেরাইল গ্রামে বাড়ির পাশের পুকুরের পানিতে ডুবে আরিয়ান নামের আড়াই বছরের এক শিশুর মর্মান্তিক মৃত্যু হয়েছে।

আজ সোমবার বিকেল ৪টার দিকে এ ঘটনাটি ঘটে। আরিয়ান ওই গ্রামের আশরাফুল ইসলামের ছেলে।

স্থানীয়রা জানান, দুপুরে দিকে আরিয়ান নিখোঁজ হয়। বাড়ির লোকজন প্রতিবেশিদের বাড়িতে খোঁজ করেও না পেয়ে বাড়ির সামনে পুকুরের আশে পাশে খুঁজতে থাকে। হঠাৎ আরিয়ানকে ভাসমান অবস্থায় দেখতে পায় লোকজন। আরিয়ানকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

গাংনীতে অবৈধ মাটি কাটার ধুম: আদালতের স্বপ্রণোদিত মামলা

গাংনীতে প্রশাসনের নিষেধ অমান্য করে চলছে মাটি কাটার ধুম শিরোনামে স্থানীয় পত্রিকায় একটি রিপোর্ট প্রকাশিত হয়। রিপোর্টটি গাংনী আমলী আদালতের সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এস, এম, শরিয়ত উল্লাহ্’র নজরে এলে তিনি স্বপ্রণোদিত হয়ে মামলাটি দায়ের করেন।

আজ সোমবার (১৬ জানুয়ারি) দুপুরে আদালত এই আদেশ প্রদান করেন। আদেশে গাংনী থানার এস, আই মো: শাহীন মিয়াকে তদন্তপূর্বক আগামী ২৩ জানুয়ারির মধ্যে প্রতিবেদন দাখিলের জন্য নির্দেশ প্রদান করা হয়।

প্রকাশিত সংবাদটি সঠিক হয়ে থাকলে তা বালু মহাল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০ অনুযায়ী একটি অপরাধ যার জন্য সর্বোচ্চ দুই বছর সাজা এবং ১০ লক্ষ টাকা অর্থদণ্ডের বিধান আছে বলে আদেশে

উল্লেখ করা হয়। বালু মহাল ও মাটি ব্যবস্থাপনা আইনের ধারা ৪ অনুযায়ী সেতু, কালভার্ট, ড্যাম, ব্যারেজ, বাঁধ, সড়ক, মহাসড়ক, বন, রেল লাইন অন্যান্য গুরুত্বপূর্ণ সরকারি ও বেসরকারি স্থাপনা অথবা আবাসিক এলাকার এক কিলোমিটারের মধ্যে উন্মুক্ত স্থান থেকে কোন বালু বা মাটি উত্তোলন করা নিষিদ্ধ।

এর আগে ধর্মচাকী সরকারি প্রাথমিক বিদ্যায়ের পাশে একটি বিল যা ধর্মচাকী বিল নামে পরিচিত সেখান থেকে অবৈধভাবে মাটি উত্তোলন করা হচ্ছে মর্মে উল্লেখ করা হয়। এতে স্কুল সময়ে শিক্ষার্থীদের ক্লাসে বিঘ্ন ঘটছে এবং খেলার মাঠের ক্ষতি হচ্ছে তথা জনভোগান্তি ও জনউপদ্রবের কারন হচ্ছে বলেও বলা হয়। এমনকি মাটি কাটার কারনে স্কুল ও খেলার মাঠ ভেঙে পড়ার আশংকার কথাও পত্রিকায় উল্লেখ করা হয়ে।

জনস্বার্থ বিবেচনায় গাংনী আমলী আদালতের সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এস, এম, শরিয়ত উল্লাহ ফৌজদারী কার্যবিধির ১৯০(১)(গ) ধারা অনুযায়ী স্বপ্রণোদিত হয়ে বিষয়টি আমলে নিয়ে তদন্তের নির্দেশ প্রদান করেন। আগামী ২৩ জানুয়ারি পরবর্তী আদেশের জন্য দিন ধার্য করেছেন আদালত।

গাংনী থেকে গণধর্ষণসহ পর্নোগ্রাফি মামলার পলাতক আসামী গ্রেফতার

মেহেরপুরের গাংনী উপজেলার চেংগারাতে অভিযান চালিয়ে গণধর্ষণসহ পর্ণোগ্রাফি মামলার পলাতক আসামী মবিউল ইসলাম (১৯)কে গ্রেফতার করেছে র্যাব।

রবিবার দিবাগত রাত ৩টার দিকে র্যাব-১২ সিরাজগঞ্জের অধিনায়ক মারুফ হোসেন পিপিএমের নির্দেশে মেহেরপুর র্যাব ক্যাম্পের একদি দল অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করে। গ্রেফতারকৃত মবিউল দৌলতপুর উপজেলার বিল বোয়ালিয়া গ্রামের মৃত খেজমত আলীর ছেলে।

র্যাব জানায়, ২০২২ সালের ১১ নভেম্বর কুষ্টিয়া জেলার দৌলতপুর থানার সালের নারী ও শিশু নির্যাতন দমন আইন সংশোধনী ২০০৩ তৎসহ ৮(১)/৮(২)/৮(৩) ২০১২ সালের পর্নোগ্রাফি নিয়ন্ত্রণ আইনে মবিউলের বিরুদ্ধে একটি মামলা দায়ের করে ভুক্তভোগী। সেই থেকে মবিউল পলাতক ছিলেন। গোপন সংবাদের ভিত্তিতে জানতে পারা যায় সে চেংগারাতে অবস্থান করছে। এমন খবরের ভিত্তিতে চেংগারা এলাকায় অভিযান পরিচালনা করে মবিউলকে গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃত আসামীকে কুষ্টিয়া জেলার দৌলতপুর থানা পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে।

গাংনীতে যুবককে হাতুড়িপেটা

মেহেরপুরের গাংনীতে তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে শিশির হোসেন(২০)নামের এক যুবককে হাতুড়িপেটা করে জখমের ঘটনা ঘটেছে।

রবিবার(১৫ জানুয়ারী) সন্ধ্যায় উপজেলার বানিয়াপুকুর গ্রামে এ ঘটনা ঘটে। শিশির গাংনী উপজেলার বানিয়াপুকুর গ্রামের দিনাউদ্দিনের ছেলে।

শিশিরের চাচা সাইদুর রহমান জানান, রফিকুল ইসলামের ছেলে আবির হোসেন মোটরসাইকেলের নাট খোলা কে কেন্দ্র করে দুজনের মধ্যে বাগবিতান্ডার। সন্ধ্যায় শিশিরকে ডেকে নিয়ে হাতুড়ি দিয়ে শরীরের বিভিন্ন স্থানে আঘাত করে।পরে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যায়।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার ডা. ফারুক জানান, কপালে হাতুড়ির আঘাতে অনেকটা ক্ষত হয়েছে ও বাম পা হাতুড়ি আঘাতে রয়েছে,উন্নত চিকিৎসার জন্য কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করা হয়েছে।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, ঘটনাটি শোনার পর পুলিশ পাঠানো হয়েছে।শিশিরের পরিবারের পক্ষ থেকে লিখিত অভিযোগ পেলে ব্যবস্থা নেয়া হবে।

গাংনীতে ডা. নাজমুল হক সাগরের গণসংযোগ

প্রধানমন্ত্রী শেখ হাসিনার উন্নয়নের ধারা তুলে ধরতে মেহেরপুরের গাংনীতে গণসংযোগ করেছেন ডা. এএসএম নাজমুল হক সাগর।

শনিবার বিকেলে গাংনী পৌর এলাকায় তিনি এ গণসংযোগ করেন। এসময় উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা ছাত্রলীগের সহ-সভাপতি শাহজাহান আলী,গাংনী পৌর স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক জীবন আকবর,মটমুড়া ইউনিয়ন কৃষকলীগের সভাপতি ইশতিয়াক আহমেদ চঞ্চল, সাবেক ছাত্রনেতা সরওয়ার বাবু,গাংনী উপজেলা ছাত্রলীগের সহ-সভাপতি তরিকুল ইসলাম উজ্জ্বল, যুগ্ম-সাধারণ সম্পাদক রাকিবুল ইসলাম,সহ-সম্পাদক নয়ন আলী,মটমুড়া ইউনিয়ন ছাত্রলীগের সাধারণ সম্পাদক শাহারুল ইসলাম, ছাত্রলীগ নেতা কনিক, শ্রমিক লীগ নেতা পলাশ,হাফিজুর, মতিসহ আরো অনেকে।

গণসংযোগ কালে ডা. সাগর বলেন,জননেত্রী শেখ হাসিনা সরকারের বহুমুখী উন্নয়ন জনগণের মাঝে তুলে ধরেন এবং আগামী নির্বাচনে আবারো আওয়ামী লীগ সরকারকে জয়ী করতে জনগণকে আহবান জানান।আওয়ামী লীগ সরকারের উন্নয়ন ধরে রাখতে তিনি গাংনীর আপামর জনসাধারণকে সাথে নিয়ে মাঠে থাকার প্রতিশ্রুতি দেন। গাংনীর সকল শ্রেণী পেশার মানুষ আগামী নির্বাচনে আমাকে নৌকার কান্ডারী হিসেবে দেখতে চান এবং আমার নেতৃত্বে গাংনীর উন্নয়ন ঘটাতে ঐক্যবদ্ধ হন।

গাংনীতে হেরোইনসহ গ্রেফতার ১

মেহেরপুর গাংনী থানা পুলিশ অভিযান চালিয়ে পাঁচ গ্রাম হেরোইনসহ মনিরুজ্জামান ওরফে মুঞ্জু (৪৫) নামের এক ব্যক্তিকে গ্রেফতার করেছে পুলিশ। আজ বৃহষ্পতিবার বিকেল সাড়ে তিনটার দিকে তার নিজ

বাড়ি গাংনী শহরস্থ মুচিপাড়া মোড় থেকে গ্রেপ্তার করা হয়। তার পিতার নাম আবুল কাশেম।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, মনিরুজ্জামান মঞ্জু হেরোইন কারবারী। সে হেরোইন বিক্রির জন্য তার বাড়ির সন্নিকটে অবস্থান করছিল। গোপন সংবাদের ভিত্তিতে এসআই শাহিন ও সঙ্গীয় ফোর্স অভিযান চালিয়ে তাকে গ্রেপ্তার করে। জব্দ করা হয় পাঁচ গ্রাম হেরোইন।

গ্রেপ্তারকৃত মনিরুজ্জামান মঞ্জুর বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের সাপেক্ষে আদালতে প্রেরণ করা হয়।

গাংনীতে কোল্ড ইঞ্জুরীতে বোরো বীজতলা,চিন্তিত কৃষক

মেহেরপুর জেলার উপর দিয়ে গেল দুসপ্তাহে বয়ে যাওয়া শৈত্য প্রবাহ ও কনকনে শীতে বোরো ধানের বীজতলায় দেখা দিয়েছে কোল্ড ইনজুরি। বীজতলার ধানচারা হলুদ হয়ে যাচ্ছে। আবার কোথাও কোথাও চারা কুঁকড়িয়ে পচন ধরে অঙ্কুরিত ধানের চারা নষ্ট হয়ে যাচ্ছে। ছত্রাকনাশক প্রয়োগ করেও কোন লাভ হচ্ছেনা। বোরো বীজতলা নষ্ট হওয়ায় সময় মত ধানের চারা জমিতে রোপন করতে পারবেন না বলে দুশ্চিন্তায় পড়েছেন জেলার অনেক কৃষক। বীজতলা রক্ষায় কৃষকদেরকে প্রয়োজনীয় পরামর্শ দেয়া হচ্ছে বলে জানিয়েছেন কৃষি বিভাগ।

গাংনী উপজেলা কৃষি অফিস সুত্রে জানা গেছে, চলতি মৌসুমে উপজেলায় ৩৮০.২৫ হেক্টর জমিতে বীজতলা রয়েছে। এর মধ্যে ৩৪৬.২৫ হেক্টর উফসি ও ৩৪ হেক্টর হাইব্রীড। আর বোরো চাষের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ৭ হাজার ৪৩০ হেক্টর। এ লক্ষ্যে ৮৫০ জন কৃষককে হাইব্রীড ও ২৪০০ জনকে ঊফসি জাতের বীজ প্রণোদনা দেয়া হয়। সেই সাথে বীজতলা রক্ষায় দেয়া হয়েছে প্রয়োজনীয় পরামর্শ।

মেহেরপুরের গাংনী উপজেলার বিভিন্ন মাঠ ঘুরে দেখা গেছে, হাড় কাপানো শীতে ও শৈত্য প্রবাহের কারণে অনেক বীজতলায় চারা গজায়নি।

গাংনীতে সাব-রেজিস্টার অফিসে মানববন্ধন ও কর্মবিরতী

মেহেরপুরের গাংনী সাব-রেজিস্টার অফিসের কর্মকর্তা ও দলিল লেখকবৃন্দ মানববন্ধন করেছে। সেই সাথে অনির্দিষ্ট কালীণ কর্মবিরতীর ঘোষণা দিয়েছেন তারা। চাপাইনবাবগঞ্জ শিবগঞ্জ উপজেলা সাব-রেজিস্টারকে ইউএনও কর্তৃক শারীরিকভাবে লাঞ্ছিত ও পরবর্তী হামলার প্রতিবাদে মানববন্ধন করেছেন।

আজ বুধবার দুপুর ১২টার দিকে এ মানব বন্ধন কর্মসূচী পালন করা হয়।

মানববন্ধনে নের্তৃত্বদানকারী সাব-রেজিস্টার মাহফুজ রানা বলেন, গত ১০ জানুয়ারী শিবগঞ্জ উপজেলা সাব-রেজিস্টার ইউসুফ আলীকে তার নিজ এজলাসে ঢুকে উপজেলা নির্বাহী অফিসার আবুল হায়াত তাকে শারীরিকভাবে লাঞ্ছিত করেন। পরবর্তী সময়ে ইউএনওর নির্দেশে ও উষ্কানীতে কতিপয় দুষ্কৃতিকারী সাব-রেজিস্টার ইউসুফ আলীর উপর হামলা করে।

এ ঘটনায় বাংলাদেশ রেজিস্ট্রেশন অ্যাসোসিয়েশন তীব্র নিন্দা জ্ঞাপন করেন। সেই সাথে ঘটনার সুষ্ঠু বিচার না হওয়া পর্যন্তও সকল জেলা রেজিস্টার ও সাব-রেজিস্টার অফিসে অনির্দিষ্ট কর্মবিরতীর ঘোষণা দেয়া হয়।

মানব বন্ধনে বক্তব্য রাখেন সাব রেজিস্টার অফিসের কর্মকর্তা ও দলিল লেখক সমিতির নের্তৃবৃন্দরা।

গাংনীতে ৩০ বোতল ফেনসিডিলসহ

দুই মাদক পাচারকারি আটক

মেহেরপুরের গাংনীর বামুন্দি থেকে ৩০ বোতল ফেনসিডিলসহ দুই মাদক পাচারকারিকে আটক করেছে গাংনী থানা পুলিশ।

শনিবার রাত সাড়ে ৯টার দিকে আকুবপুর চেকপোষ্ট এলাকায় অভিযান চালিয়ে তাদের আটক করা হয়। এসময় তাদের কাছে থাকা ব্যাগ থেকে উদ্ধার করা হয় ৩০ বোতল ফেনসিডিল।

আটককৃতরা হলো-গাংনীর বামুন্দির মৃত রেজাউল ইসলামের ছেলে আলামিন হোসনে (৩৮)ও আফিরুল ইসলামের ছেলে জাব্বারুল ইসলাম(৩৫)। এসময় মাদক পাচারকাজে ব্যবহৃত একটি মোটরসাইকেল জব্দ করা হয়।

আটকের বিষয়টি নিশ্চিত করে গাংনী থানার অফিসার ইনচার্জ(ওসি) আব্দুর রাজ্জাক জানান,, দুইজন মাদক পাচারকারি মোটরসাইকেল যোগে মাদক নিয়ে আকুবপুর পুলিশ চেকপোষ্ট এলাকা পার হচ্ছে বামুন্দি বাজার এলাকায় আসছে এমন গোপন সংবাদের ভিত্তিতে ওসি আব্দুর রাজ্জাকের নেতৃত্বে গাংনী থানা পুলিশের একটি টীম অভিযান চালায়।

এসময় আলামিন হোসেন ও জাব্বারুল ইসলাম নামের দুজনকে আটক করা হয়। তাদের সাথে থাকা একটি ব্যাগ তল্লাশি করে ৩০ বোতল ফেনসিডিল উদ্ধার করা হয় এবং একটি মোটর সাইকেল জব্দ করা হয়।

গাংনী থানার অফিসার ইনচার্জ(ওসি) আব্দুর রাজ্জাক জানান,আটককৃতদের মাদক আইনে মামলা দিয়ে আদালতে সোপর্দ করা হবে বলে । অভিযান পরিচালনা করেন সঙ্গীয় ফোর্সসহ এসআই কামরুজ্জামান ও এসআই আজাদ ।

গাংনীতে হঠাৎ বেড়েছে শিশুদের ঠান্ডা জনিত রোগ

মেহেরপুরের গাংনী উপজেলায় হঠাৎ বেড়েছে শিশুদের ঠান্ডা জনিত রোগ। নিউমোনিয়া,বমি ও ডায়রিয়াই আত্রান্তের সংখ্যা বেশি। বেডে জায়গা না পেয়ে অনেকেই স্থান নিয়েছেন মেঝেতে। উপজেলা স্বাস্থ্য

হয়েছেন। একদিনেই ২৫জন শিশু শ্বাসকষ্ট ও ডায়রিয়া আক্রান্ত হয়ে ভর্তি হয়েছে। তাদেরকে চিকিৎসা দেয়া হচ্ছে। মায়েদের সচেতন হতে হবে তাহলে শিশুরা অনেকটা সুরক্ষিত থাকবে।